116433

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১১৬৪৩৩১/ঝিনাইদহ-৪২/৬০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলাধীন রঘুনাথপুর হোসেন আলী আলিম মাদ্রাসার এডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত স্থানীয় মাননীয় সাংসদের ডিও লেটারটি জাল ও ভুয়া এবং বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখপূর্বক প্রতিষ্ঠাতা সদস্য খুরশিদ আনোয়ার একখানা অভিযোগ দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩... (তিন...) পাতা।

২৯.০৯.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd
২৯/৯/২১

জেলা প্রশাসক
ঝিনাইদহ।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১১৬৪৩৩১/ঝিনাইদহ-৪২/৬০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ;
২. জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ;
৪. জনাব খুরশিদ আনোয়ার (অভিযোগকারী), গ্রাম: রঘুনাথপুর, মন্ডলপাড়া, পো: রামচন্দ্রপুর, হরিণাকুন্ডু, ঝিনাইদহ;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক ২৯/৯/২১
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
২৯/৯/২১

বরাবর,

চেয়ারম্যান
মাদ্রাসা বোর্ড
বকশী বাজার, ঢাকা।

**বিষয়ঃ ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানার রঘুনাথপুর হোসেন আলী আলীম মাদ্রাসা ও এসএসসি ভোকেশনাল এর এডহক কমিটির সভাপতির জন্য জাল ও ভুয়া এমপি'র ডিও লেটার জমা দিয়ে সভাপতি হওয়ার অপচেষ্টার অবগত ও তদন্তপূর্বক প্রতিকার প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ খুরশিদ আনোয়ার রঘুনাথপুর হোসেন আলী আলীম মাদ্রাসা ও এসএসসি ভোকেশনাল এর প্রতিষ্ঠাতা সদস্য। বর্তমান সভাপতির মেয়াদ শেষ হওয়ার পর মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি মিলে এমপি'র ডিও লেটার জাল ও ভুয়া বানিয়েছে যাহাতে কোন স্মারক ও তারিখ নাই, এডহক কমিটির সভাপতি হওয়ার জন্য মাদ্রাসা বোর্ডে জমা দিয়েছে। আমি জানতে পারার পরে আমার ছোট ভাইকে দিয়ে এমপি'র পিএস রওশন আলী এর সাথে কথা বলে ডিও লেটার সম্পর্কে জানতে বলি। পিএস রওশন আলী বলেন এডহক কমিটির সভাপতি সংক্রান্ত কোন ডিও লেটার দেওয়া হয় নাই। এমপি মহোদয়ের সাথে আমার ছোট ভাই এডভোকেট মোবাশ্বের হোসেন বাপ্পী টেলিফোনে আলাপকালে এমপি মহোদয় জানান আমি উক্ত মাদ্রাসার কোন ডিও সহি স্বাক্ষর করি নাই। সাথে সাথে তার ডিও লেটারে কপি হটসঅ্যাপে প্রদান করা হয়। সন্ধ্যায় এমপি মহোদয়ের সাথে দেখা করে ভুয়া ডিও লেটারের ফটোকপি দেওয়া হয়। এমপি মহোদয় বলেন যে, এই সহি স্বাক্ষর আমার না এবং প্যাডও আমার না এবং আশ্বস্ত করেন যে, অতিসত্বর এর ব্যবস্থা নিব।

বিধায় জাল ও ভুয়া ডিও লেটার সম্পর্কে আপনাকে অবগত করিতেছি।

এখানে আরও উল্লেখ্য যে, গত ০২ (দুই) বছর মাদ্রাসার সভাপতি থাকাকালীন মোঃ রাকীবুল হাসান (রাসেল) মাদ্রাসায় বিভিন্ন অনিয়ম করে যাচ্ছে। দুই বৎসর মাদ্রাসায় ম্যানেজিং কমিটির কোন মিটিং হয়। মিটিং এর রেজুলেশন সদস্যদের বাড়ি বাড়ি যেয়ে সহি স্বাক্ষর করে নিয়ে আসা হয়।

ইহা ছাড়াও বেআইনীভাবে ০৩ টি নিয়োগ দিয়েছে যাহারা (ক) রাষ্ট্রদ্রোহী মামলার আসামী (খ) বিগত সরকারের সময় নৌকা প্রতীক পোড়ানো আসামী (গ) চুরি ও ডাকাতির আসামী। (কপি সংযুক্ত)

তাছাড়াও ৬/৭ পত্রিকায় নিয়মিত নিয়োগ সংক্রান্ত অনিয়মের ব্যাপারে লেখালেখি হয়।

এখানে বিশেষভাবে নিবেদন করিতেছি যে, তার চাচাত ভাই **জাহাঙ্গীর হোসেন উপজেলার চেয়ারম্যান**, বিধায় ইউএনও সাহেবের অবগত করলে তার ভাইকে দিয়ে প্রভাবিত করে। সে কারণে বিষয়টি জেলা প্রশাসক অফিসের যে কোন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়কে দিয়ে তদন্ত করে ভুয়া ডিও লেটার সম্পর্কে তদন্ত করার জন্য সবিনয় অনুরোধ করিতেছি।

অতএব, বিষয় ও বিবরণের আলোকে ভুয়া ও জাল ডিও লেটার সম্পর্কে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ মহোদয়ের মর্জি হয়।

নিবেদক

মোঃ খুরশিদ আনোয়ার

**মোঃ খুরশিদ আনোয়ার**
প্রতিষ্ঠাতা সদস্য
হোসেন আলী আলীম মাদ্রাসা ও এসএসসি
ভোকেশনাল
জাতীয় পরিচয় পত্র নং-৪৪১১৪৭৩৭৬৮৬২০
মোবাইল: ০১৭১৬-৮৫২৭২৬

তারিখঃ ১৬/০৯/২০২০ইং

সংযুক্ত: বর্ণনার প্রয়োজনীয় কাগজপত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ খুরশীদ আনোয়ার
Name: Md. Khurshid Anowar
পিতা: মোঃ ওয়ালিউর রহমান
মাতা: মোছাঃ তসলিম আরা বেগম
Date of Birth: 01 Nov 1963
ID NO: 4411473768620

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: রঘুনাথপুর, মন্ডলপাড়া, ডাকঘর: রামচন্দ্রপুর - ৭৩০০, হরিনাকুন্ড, ঝিনাইদহ

রক্তের গ্রুপ / Blood Group: B+

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
প্রদানের তারিখ: ১১/০৮/২০০৮

বাংলাদেশ জাতীয় সংসদ
সদস্য

# বাংলাদেশ জাতীয় সংসদ

তাহজীব আলম সিদ্দিকী
সংসদ সদস্য
৮২, ঝিনাইদহ-২
বাংলাদেশ জাতীয় সংসদ

প্রাপক,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ঢাকা।

**বিষয়ঃ রঘুনাথপুর হোসেন আলী আলিম মাদ্রাসার এডহক কমিটির সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।**

জনাব,

আমার নির্বাচনী এলাকা ৮২, ঝিনাইদহ-২, হরিণাকুণ্ডু উপজেলাধীন ০৭নং রঘুনাথপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডে অবস্থিত রঘুনাথপুর হোসেন আলী আলিম মাদ্রাসার এডহক কমিটি গঠন কল্পে সভাপতি পদের জন্য মোঃ রাকিবুল হাসান (রাসেল) , পিতাঃ মোঃ আব্দুল কাদের, গ্রামঃ চরপাড়া, ডাকঘরঃ বাজার পোড়াহাটি, উপজেলাঃ হরিণাকুণ্ডু, জেলাঃ ঝিনাইদহ-কে মনোনয়নের জন্য সুপারিশ করা হলো। উক্ত মাদ্রাসার EIIN NO: 116433

তাহজীব আলম সিদ্দিকী
সংসদ সদস্য
৮২, ঝিনাইদহ-২
বাংলাদেশ জাতীয় সংসদ